

আছে। ঠিকই, তবে উপসংকেতের ব্যবহার নিতান্তই যাত্ৰকভাবে ব্যবহার করলে চলবে না। উপসংকেত ব্যবহারের জন্য মূল বাক্যটির অর্থ ভালভাবে বুঝতে হবে। যেমন, 'ভারত সর্বদাই হকি খেলায় জয়লাভ করে'— এই বাক্যটির অর্থ স্পষ্টতঃই এই নয় যে, ভারত সব সময়ই বা অবিরাম হকি খেলায় জয়লাভ করেছে। তাহলে প্রদত্ত বাক্যটির আদর্শ শর্তনিরপেক্ষ বচনের আকার হবে : 'সকল ভারতের হকি খেলার সময় হয় হকি খেলায় ভারতের জয়লাভের সময়'। অবশ্য সব উপসংকেতই যে সময়জ্ঞাপক হবে এমন কোন কথা নেই। অনেক বাক্যকে আদর্শ আকারের বচনে রূপায়ণের জন্য 'স্থান' বা 'ক্ষেত্র' ইত্যাদি শব্দকেও উপসংকেতরূপে ব্যবহার করা হয়। যেমন, 'যেখানেই বাঘের ডয় সেখানেই সন্ধ্যা হয়'— এই বাক্যের আদর্শ বচনাকার হবে : 'সকল বাঘের ভীতির ক্ষেত্র হয় সন্ধ্যা হওয়ার ক্ষেত্র'।

সমস্ত বিষয়টিকে এখন সূত্রাকারে উদাহরণের সাহায্যে এইভাবে উপস্থাপন করা যায়।

- যদি কোন সদর্থক বচনে 'সকল', 'প্রত্যেক', 'যে কেহ', 'সর্বদা', 'সবসময়', 'সার্বিকভাবে', 'চিরকাল', 'সর্বত্র', 'যদি - তবে', 'যারা - তারা', 'যে - সে', 'যখন - তখন' ইত্যাদি শব্দ ব এদের সমার্থক কোন শব্দ থাকে তবে বাক্যটিকে A বচনে রূপান্তর করতে হবে।

আর, যদি এই শব্দগুলি কোন নওর্থক বচনে থাকে তবে সেটিকে O বচনে রূপান্তর করতে হবে

কয়েকটি উদাহরণ :

প্রত্যেক বিজ্ঞানীই দার্শনিক

যুক্তিবিজ্ঞানসম্মত রূপ : সকল বিজ্ঞানী হয় দার্শনিক (A)

প্রত্যেক মানুষই সৎ নয়।

যুক্তিবিজ্ঞানসম্মত রূপ : কোন কোন মানুষ নয় সৎ ব্যক্তি (O)

সৎ ব্যক্তির সর্বদাই ধার্মিক হন।

যুক্তিবিজ্ঞানসম্মত রূপ : সকল সৎ ব্যক্তি হন ধার্মিক ব্যক্তি (A)

চকচক করলেই তা সবসময় সোনা হয় না।

যুক্তিবিজ্ঞানসম্মত রূপ : কোন কোন চকচকে বস্তু নয় সোনা (O)

(O) হকি খেলায় ভারত সর্বদাই জয়লাভ করে।